# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৩৩. খানিক ভাবুন

“তোমরা যদি কষ্ট ভোগ করতে থাক তবে তারাও তো তোমাদের মতো কষ্ট ভোগ করছে, অথচ তারা যা আশা করতে পারে না তোমরা আল্লাহর কাছ থেকে তা (জান্নাত) আশা করতে পার।” (৪-সূরা আন নিসাঃ আয়াত-১৬৪)

ঈমানদারদের জান্নাত প্রাপ্তির কারণ এ আয়াতে উল্লেখ করা হয়েছে যে, সত্যিকারের ঈমানদার যখন দুর্দশাগ্রস্ত হয়, তখন তাদের উচ্চ পর্যায়ের ধৈর্য থাকে। সত্যিকার ঈমানদারের মাঝে যে সব গুণ পাওয়া যায় তা হলো ধৈর্য, অধ্যবসায়, অটলতা, সৌম্যতা এবং আল্লাহর বান্দা হিসেবে নিজের দায়িত্ব পালনের খাঁটি ইচ্ছা। মা'কাল ইবনে ইয়াসার বর্ণনা করেন যে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

يقول ربكم تبارك وتعالى يا ابن آدم تفرغ لعبادتي أملأ قلبك غنى وأملأ يديك رزقا يا ابن آدم لا تباعد مني فأملأ قلبك فقرا وأملأ يديك شغلا

ভাবার্থঃ তোমাদের মোবারক, মহান প্রভু বলেন, “হে আদম সন্তান! আমার ইবাদতে সময় ব্যয় কর, তাহলে আমি তোমাদের অন্তরকে সম্পদে ভরে দিব ও তোমার হাতকে রিযিকে ভরে দিব। হে আদম সন্তান! আমার থেকে দূর হয়ো না, তাহলে আমি তোমার অন্তরকে অভাবে ভরে দিব ও তোমার হাতকে (সমস্যা দ্বারা) ব্যস্ততায় ভরে দিব।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=7741

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন